

e'vsnKs cñeva I bwnZ ve fVM

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ০৬

১৪ অক্টোবর, ২০০৪  
তারিখ : -----  
২৯ আশ্বিন, ১৪১১

প্রধান নির্বাহী  
বাংলাদেশের সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

AvqvbZi Dci cñ q mñ` i vecixZ ms`vb msi q|b cññ½|

সম্প্রতি বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিদর্শনকালে পরিলক্ষিত হয়েছে যে, কতিপয় ব্যাংক তাদের আমানতের উপর প্রদেয় সুদ (accrued interest) বাবদ উদ্ভূত দায়ের বিপরীতে সংশ্লিষ্ট হিসাব বছরের লাভ-ক্ষতি হিসাবে যথাযথ সংস্থান (Provision) রাখছে না। এতে স্থিতিপত্রে ব্যাংকের আর্থিক অবস্থার প্রকৃত চিত্র প্রতিফলিত হচ্ছে না।

এমতাবস্থায়, ব্যাংকসমূহকে আমানতের উপর প্রদেয় সুদ Accrual ভিত্তিতে হিসাবায়নকরতঃ এর বিপরীতে যথাযথ সংস্থান সংরক্ষনপূর্বক আর্থিক বিবরণী প্রস্তুতের জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(নব গোপাল বনিক)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৭১১৭৮২৫